

যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হওয়ার পরামর্শ ইউজিসির

নিজস্ব প্রতিবেদক

৮ সেপ্টেম্বর ২০২২ ০৯:০৫

পিএম | আপডেট: ৮

সেপ্টেম্বর ২০২২ ০৯:০৬

পিএম

614

Shares



ইউজিসি লোগো

advertisement

আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটির (এবিইউ) কার্যক্রমের আইনি ভিত্তি নেই বলে জানিয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ড্যুরি কমিশন (ইউজিসি)। ফলে বিশ্ববিদ্যালয়টির একাডেমিক সনদের আইনগত কোনো বৈধতা নেই বলেও জানিয়েছে ইউজিসি। একইসঙ্গে বিশ্ববিদ্যালয়টিতে শিক্ষার্থীদের ভর্তি না হওয়ার পরামর্শ দেওয়া হয়। আজ বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে ওই তদন্ত প্রতিবেদন পাঠানো হয়।

ইউজিসি জানিয়েছে, এই বিশ্ববিদ্যালয় নিয়ে গঠিত তদন্ত কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে ইউজিসি এই পরামর্শ দিয়েছে। তদন্ত প্রতিবেদন আজ বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। বিশ্ববিদ্যালয়টির কার্যক্রমের জন্য দেশের উচ্চশিক্ষা সম্পর্কে বিশ্বব্যাপী নেতৃত্বাচক ভাবমূর্তি তৈরি হচ্ছে বলেও অভিমত দিয়েছে ইউজিসি।

advertisement 3

এ বিষয়ে ইউজিসি সদস্য (বেসরকারি বিশ্ববিদ্যালয়) অধ্যাপক বিশ্বজিৎ চন্দ বলেন, ‘বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয়টি সাময়িক অনুমতিপত্রের মেয়াদের মধ্যে সনদপত্রের জন্য আবেদন করেনি এবং সনদপত্র পাওয়ার জন্য শর্তগুলো পূরণেও ব্যর্থ হয়েছে। এ জন্য বিশ্ববিদ্যালয়টির কার্যক্রমের আইনগত কোনো ভিত্তি নেই। এজন্য জনস্বার্থে শিক্ষার্থীদের এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।’

advertisement 4

ইউজিসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি ২০০২ সালের ১৯ আগস্ট শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমতি পায়। সাময়িক অনুমতিপত্রের শর্তাবলি প্রতিপালন ও গুণগত শিক্ষা নিশ্চিত করতে ব্যর্থ হওয়ায় ২০০৬ সালে সরকার এই বিশ্ববিদ্যালয়টি বন্ধ ঘোষণা করে। এই আদেশের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উচ্চ আদালতে রিট করে স্থগিতাদেশ নিয়ে কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়টির বোর্ড অব ট্রাস্টিজের দাবিদার তিনটি পক্ষ বিভিন্ন ঠিকানায় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা করছে।

614
Shares